

2015

BENGALI (Honours)

Fifth Paper

Full Marks : 100

Time : Four Hours

ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

- ১। যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- (ক) মেলোড্রামা বলতে কী বোঝ? ট্রাজেডি রচনার চেষ্টা ব্যর্থ হলেই কি তাকে মেলোড্রামা বলা যায়? দৃষ্টান্তসহ মেলোড্রামার পরিচয় দাও। ১০
- (খ) ট্রাজেডি কাকে বলে? ট্রাজেডির সাধারণ বৈশিষ্ট্যগুলি নির্দেশ করে ট্রাজেডিতে ক্যাথারসিসের ভূমিকা আলোচনা করো। $২+৫+৩=১০$
- (গ) সামাজিক নাটক কাকে বলে? একটি বাংলা সামাজিক নাটকের সংক্ষিপ্ত আলোচনা করে সামাজিক নাটকের বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো। $২+৮=১০$
- (ঘ) একাঙ্ক নাটক বলতে কী বোঝ? ছোটগল্পের সঙ্গে এর আঙ্গিকগত সাদৃশ্যগুলি আলোচনা করো। একটি একাঙ্ক নাটকের আলোচনা করো। ১০

P.T.O.

5 / 5-4800

(2)

২। যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

(ক) ন্যাশনাল থিয়েটার কবে কাদের উদ্যোগে প্রতিষ্ঠিত হয়? প্রথম রজনীতে কার কোন নাটক অভিনীত হয়? সংক্ষেপে বাংলা থিয়েটারের ইতিহাসে ন্যাশনাল থিয়েটারের অবদান আলোচনা করো। $2+2+6=10$

(খ) বাংলার শৌখিন নাট্যশালার উৎপত্তির ইতিহাস বিবৃত করে যে কোন একটি শৌখিন রঙ্গালয়ের প্রতিষ্ঠা, অভিনয়-ধারা ও বিলুপ্তির সংক্ষিপ্ত বিবরণ দাও। 10

(গ) 'নাট্য নিয়ন্ত্রণ আইন'—কী? কত খ্রীষ্টাব্দে কেন এই আইন প্রণীত হয়? এই আইন বাংলা নাটক ও রঙ্গমঞ্চকে কতখানি প্রভাবিত করেছিল— আলোচনা করো। $3+1+6=10$

(ঘ) নাট্য ব্যক্তিত্বরূপে বিনোদিনী দাসীর মূল্যায়ন করো। 10

৩। 'নীলদর্পণ' বাংলা নাট্য সাহিত্যের ধারায় প্রথম ব্রিটিশ-বিরোধী নাটক — আলোচনা করো। 16

অথবা,

'নীলদর্পণ' নাটকের সংলাপ রচনায় নাটককারের কৃতিত্বের পরিচয় দাও। 16

৪। পরিবেশ চিন্তক রবীন্দ্রনাথের এক অপরূপ সৃষ্টি 'মুক্তধারা'। — আলোচনা করো। 16

অথবা,

'মুক্তধারা' নাটকের প্রাথমিক খসড়ায় রবীন্দ্রনাথ এর নাম রেখেছিলেন 'পথ'। পরে এর নাম পাণ্টে রাখেন 'মুক্তধারা'। কোন নামটি তোমার মতে যুক্তিযুক্ত তা আলোচনা করে দেখাও। 16

(3)

৫। নবনাট্য আন্দোলন বলতে কী বোঝ? এই আন্দোলনের সূচনাপর্বের মাইলস্টোন হিসেবে 'ছেঁড়াতার' নাটকটির সাফল্য বিচার করো। $8+12=20$

অথবা,

'ছেঁড়াতার' নাটকে কোরাস চরিত্র হিসেবে গোবিন্দ চরিত্রের বৈশিষ্ট্য আলোচনা করো। 16

৬। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $8 \times 3 = 24$

(ক) "ওমা, কি লজ্জা। বড়বাবুকে মুখখান দেখালাম।"— উক্তিটি কার? এই উক্তি থেকে তার কী পরিচয় পাওয়া যায়? $1+3=4$

(খ) মুক্তধারা নাটকে ভৈরব পছীদের শঙ্কর বন্দনা মন্ত্রটির তাৎপর্য কী? 8

(গ) "ভাঙনের যিনি দেবতা তিনি সবসময় বড় পথ দিয়ে চলাচল করেন না"— বক্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। 8

(ঘ) 'ছেঁড়াতার' নাটকে কয়টি গান আছে? অধিকাংশ গান কে গেয়েছে? 'ফালি চান্দে'র নাও ভাসি যায় আকাশ দরিয়ায়' — গানটি কোন অঙ্কের কোন দৃশ্যে সংযোজিত? কার কণ্ঠে গানটি গীত হয়েছে? $1+1+1+1=4$

(ঙ) "ভাইরে জলে বাস করি কুমীরের সাথে বাদ করি পারবু"? — কার প্রতি কার উক্তি? উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করো। $1+3=4$

2015

BENGALI (Honours)

Sixth Paper

Full Marks : 100

Time : Four Hours

ডান পাৰ্শ্বস্থ সংখ্যা প্ৰশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্ৰশ্নগুলির উত্তর দাও।

১। পৌরাণিক নারী চৰিত্ৰগুলির আলোকে কবি মধুসূদন কীভাবে
উনবিংশ শতাব্দীর নারী জাগরণকে প্ৰতিষ্ঠিত করেছেন 'বীরাঙ্গনা
কাব্য'ৰ পাঠ্য পত্ৰিকা অবলম্বনে তার পৰিচয় দাও। ১৬

অথবা,

'নীলক্ষজের প্ৰতি জনা' পত্ৰিকা অবলম্বনে জনা চৰিত্ৰটির
উৎকৰ্ষতার পৰিচয় দাও।

২। পৰিপূৰ্ণ সৌন্দৰ্যের প্ৰতি আকাঙ্ক্ষা 'সোনার তরী' কাব্যগ্ৰন্থের
কোন কোন কবিতায় ধরা পড়েছে— তোমার পাঠ্য কবিতাগুলি
অবলম্বনে সেগুলি বিশ্লেষণ করে দেখাও। ১৬

অথবা,

'মানস সুন্দরী' কবিতায় কবি রবীন্দ্ৰনাথ ঠাঁর মানসী প্ৰিয়াকে
কীভাবে কল্পনা করেছেন — দৃষ্টান্তসহ বুঝিয়ে লেখো।

৩। "এরা বসন্তের ফুল নয়, এরা প্ৰৌঢ় ঋতুর ফসল"—পাঠ্য
কবিতাগুলি অবলম্বনে নবজাতক কাব্যগ্ৰন্থের উপর এই মন্তব্যের ব্যাখ্যা
দাও। ১৬

P.T.O.

5/6-4800

(2)

অথবা,

‘নবজাতক’ কাব্যের যেকোনো একটি কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের মৃত্যুচেতনার স্বরূপ ব্যাখ্যা করো।

৪।(ক) ‘দারিদ্র্য’ কবিতায় দারিদ্র্যের নিষ্ঠুরতা ও মহত্বকে কবি কীভাবে প্রতিষ্ঠিত করেছেন— আলোচনা করো। ১০

অথবা,

রবীন্দ্রানুসারী কবি হয়েও সত্যেন্দ্রনাথ আপন স্বাতন্ত্র্যে উজ্জ্বল— ‘চম্পা’ কবিতা অবলম্বনে এই ভাবনার সারবত্তা বিচার করো।

(খ) ‘পথের দাবী’ কবিতায় কবির জীবনপ্ৰীতি ও মানুষের প্রতি ভালোবাসা সত্যিই কতখানি প্রাধান্য পেয়েছে তা যুক্তিসহকারে বোঝাও। ১০

অথবা,

“... দরিদ্র মানুষের প্রতি গভীর সহানুভূতি এবং ঈশ্বরচেতনা কচিভাব কবিতাটির মধ্যে পরিস্ফুট হয়েছে”—আলোচনা করো।

৫।(ক) ‘নগ্ননির্জন হাত’ কবিতায় পরাবাস্তব চেতনার যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো। ১০

অথবা,

আধুনিক কালের খণ্ডিত প্রেম ও আশাভঙ্গের বেদনার রূপায়ণ ‘টপ্পা ঠুংরি’— মন্তব্যটি সম্পর্কে তোমার অভিমত জানাও।

(খ) ‘উটপাখী’ কবিতায় সুধীন্দ্রনাথের প্রতীকধর্মিতার পরিচয় দাও। ১০

5/6-4800

(3)

অথবা,

রবীন্দ্রনাথের ‘উত্তরসাধক’ রূপে বুদ্ধদেব বসু কতখানি সার্থক হয়ে উঠেছেন ‘বন্দীর বন্দনা’ কবিতা অবলম্বনে আলোচনা করো।

৬। যে কোনো তিনটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৪×৩=১২

(ক) “শশী নাহি চাই যদি ফিরে পাই
আরবার, এ জীবন।” — উদ্ধৃতিটি কোন্ কবিতার?
এখানে কবিমানসের কোন্ আকাঙ্ক্ষা ফুটে উঠেছে?

(খ) “মানবের শিশু বারে বারে আনে
চির আশ্বাসবাণী।”
— কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে? তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) “আর পাব কোথা।
দেবতারে প্রিয় করি প্রিয়েরে দেবতা।” — মর্মার্থ লেখো।

(ঘ) “এ নব যৌবনে এবে ত্যাজিলা কি তুমি,
প্রাণপতি?” — কে, কাকে কোন্ প্রেক্ষাপটে এমন প্রশ্ন করেছিলেন?

(ঙ) “ঠাই নাই ঠাই নাই - ছোটো সে তরী
আমারি সোনার ধানে গিয়েছে ভরি।”
— কোন্ কবিতার অংশ? উদ্ধৃতাংশটি ব্যাখ্যা করো।

১+৩=৪

5/6-4800

P - III (1+1+1) H/15

2015

BENGALI (Honours)

Seventh Paper

Full Marks : 100

Time : Four Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। আঞ্চলিক প্রেক্ষাপট সুবিস্তৃত থাকলেও 'ধাত্রীদেবতা' উপন্যাসকে 'আঞ্চলিক উপন্যাস' আখ্যায় ভূষিত করা যায় কি না— তা আলোচনা করো। ১৬

অথবা,

পিসিমা, মা ও গৌরী— এই তিনটি চরিত্র আলোচনা করে কোন চরিত্র শিবনাথকে কোন দিক থেকে প্রভাবিত করেছে তা দেখাও।

২। 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে নিম্নবর্ণীয় মানুষের জীবনচিত্র কীভাবে ফুটে উঠেছে তা দেখাও। ১৬

অথবা,

'হোসেন মিয়ার দ্বীপটি যেমন গ্রামবাসীদের পক্ষে বেহেস্ত জাহান্নামের অদ্ভুত সংমিশ্রণ, সেইরূপ হোসেন মিয়া নিজে তাহাদের বিধাতা-পুরুষ।'— উপন্যাস পর্যালোচনা করে মন্তব্যটির সার্থকতা বিচার করো।

P.T.O.

5/7-4800

(2)

৩। “জাগরী” উপন্যাসে প্রতিফলিত কারা জীবনের প্রকৃতি বর্ণনা করো। উপন্যাসটিকে কারা উপন্যাস বলে অভিহিত করা যায় কি না আলোচনা করো। ১৬

অথবা,

“জাগরী” উপন্যাসের চারটি চরিত্রের মধ্যে নীলুর অন্তর্দৃষ্টিই সর্বাপেক্ষা বেশি— এই মন্তব্যের আলোকে ‘জাগরী’ উপন্যাসের নীলু চরিত্রটি আলোচনা করো।

৪।(ক) ত্রয়ী উপন্যাসের প্রস্তাবনা হিসেবে ‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসের সার্থকতা বিচার করো। ১০

অথবা,

প্লট নির্মাণ ও বর্ণনা কৌশলের ক্ষেত্রে আশাপূর্ণা দেবীর অনায়াস দক্ষতার যে পরিচয় ‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসে পাওয়া যায় আলোচনা করো।

(খ) ‘সত্যবতী’র জীবনে তার পিতা ও মাতার ভূমিকা কতখানি, তা আলোচনা করো। ১০

অথবা,

‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসে রামকালী ও ভুবনেশ্বরী চরিত্র দুটির পরিচয় ও প্রয়োজনীয়তা আলোচনা করো।

৫।(ক) ‘পুঁইমাচা’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা,

‘চোর’ গল্পটি অবলম্বনে ছোট গল্পের বয়ন, বিন্যাস ও ভাষা নির্মাণের ক্ষেত্রে জ্যোতিরিন্দ্র নন্দীর স্বাতন্ত্র্যের পরিচয় দাও।

5/7-4800

(3)

(খ) নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ‘রেকর্ড’ গল্পটির মধ্য দিয়ে লেখক কোন দিককে প্রতীকায়িত করতে চেয়েছেন? গল্পের মর্মবস্তুকে বিশ্লেষণ করে তা দেখাও। ১০

অথবা,

‘স্টোভ’ গল্পে দাম্পত্যের যে রূপ প্রস্ফুটিত হয়েছে তা আলোচনা করো।

৬। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) ‘দেশের বসতি মানুষের মনে, মাটি মা হয়ে ওঠেন ওই ভক্তির স্পর্শে, মৃন্ময়ী চৈতন্যরূপিণী চিন্ময়ী হয়ে ওঠেন ওই সাধনায়’— কে, কোন প্রসঙ্গে একথা বলেছেন? সংক্ষেপে মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ২+২=৪

(খ) গৌরী চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো। গৌরীর ডাক নাম কী? ৩+১=৪

(গ) “... তার কোল জুড়িয়া আসুক সন্তান, মানুষ বাড়ুক হোসেনের সাম্রাজ্য”— ‘হোসেনের সাম্রাজ্য’ কোনটি? হোসেন ‘মানুষ বাড়াবার’ জন্য কী ব্যবস্থা নিয়েছিল? ১+৩=৪

(ঘ) “জাগরী” কোন রাজনৈতিক পটভূমিকায় রচিত? কোন কোন রাজনৈতিক মতাদর্শের পরিচয় এতে আছে? ১+৩=৪

(ঙ) “খাসা গড়ন পিটন মেয়েটার। কাজ চালিয়ে নিতে পারতো কিন্তু”— একথা কার সম্পর্কে কে বলেছেন? তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+২=৪

5/7-4800

P - III (1+1+1) H/15

2015

BENGALI (Honours)

Eighth Paper

Full Marks : 100

Time : Four Hours

ডানদিকের সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১।(ক) মহাকাবি কালিদাস রচিত দৃশ্যকাব্য তিনটির ও মহাকাব্য দুটির নামোল্লেখ করে সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

অথবা,

রামায়ণ কাহিনি অবলম্বনে লেখা ভবভূতির নাটকদুটির নাম লেখো। নাটক দুটির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে নাট্যরস সৃজনে ভবভূতির বৈশিষ্ট্য আলোচনা করো। ২+৮=১০

(খ) সংস্কৃত সাহিত্যে শূদ্রকের আবির্ভাবকাল অতি সংক্ষেপে উল্লেখ করো। তাঁর 'মৃচ্ছকটিক' নাটকের কাহিনি ও এই নাটকে সেকালের সমাজের যে পরিচয় পাওয়া যায় তা উল্লেখ করো। ২+৪+৪=১০

অথবা,

'কাদম্বরী' কার লেখা ? এটি কাব্য না নাটক? এর কাহিনির পরিচয় দিয়ে রচয়িতার রচনা দক্ষতার পরিচয় দাও। ১+৩+৬=১০

P.T.O.

5/8-4800

(2)

২।(ক) মৈথিলী শরণ গুপ্ত কোন যুগের প্রতিনিধি? তিনি কোন্ ভাষায় কাব্য রচনা করেছেন? তাঁর কাব্যধারার আলোচনা করে কবিপ্রতিভার স্বরূপ বিশ্লেষণ করো। ১+১+৮=১০

অথবা,

নাট্যকার ভারতেন্দু হরিশ্চন্দ্রের নাট্যকর্ম সম্পর্কে আলোচনা করো। ১০

(খ) 'ছায়াবাদ' বলতে কী বোঝ? ছায়াবাদী কাব্যান্দোলনের ধারার অন্যতম প্রবর্তক কবি হিসেবে সুমিত্রানন্দন পণ্ডের কাব্য-বৈশিষ্ট্য আলোচনা করো। ২+৮=১০

অথবা,

বাংলা কথা সাহিত্যে সাহিত্যিক প্রেমচন্দ্রের প্রভাব আলোচনা করো। ১০

৩। কাব্যের আত্মা অন্বেষণ করতে গিয়ে আলংকারিকরা শেষপর্যন্ত কোথায় উপনীত হয়েছেন বিশদে আলোচনা করো। ১৬

অথবা,

“যা শ্রেষ্ঠ কাব্য, তার প্রকৃতিই হচ্ছে বাচ্যকে ছাড়িয়ে যাওয়া”— আলোচনা করো। ১৬

৪। “ভাষার মধ্যে ভাষাতীতকে প্রতিষ্ঠিত করিবার জন্য সাহিত্য প্রধানত ভাষার মধ্যে দুইটি জিনিষ মিশাইয়া থাকে— চিত্র এবং সঙ্গীত”— প্রাবন্ধিকের অনুসরণে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১৬

অথবা,

‘কাব্য : স্পষ্ট ও অস্পষ্ট’ প্রবন্ধে রবীন্দ্রনাথ শেষপর্যন্ত কোন সিদ্ধান্তে উপনীত হয়েছেন তা আলোচনা করো। ১৬

(3)

৫। সংক্ষেপে আলোচনা করো :

(ক) ‘প্রকাশই কবিত্ব’ — রবীন্দ্রনাথের অনুসরণে ব্যাখ্যা করো। ৪

অথবা,

“বিজ্ঞানে দর্শনে আমরা জগৎকে জানি, কাব্যে আমরা আপনাকে জানি”— প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ৪

(খ) ‘কাব্যং গ্রাহ্যম্ অলঙ্কারাৎ’ — মতটির প্রবক্তা কে? তিনি কোন্ শতাব্দীতে বর্তমান ছিলেন? ‘সাহিত্যদর্পণ’ গ্রন্থটি কি ধরনের বই? এর রচয়িতার নাম লেখো। ১+১+১+১=৪

অথবা,

স্থায়ীভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৪

৬। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) মধ্যযুগের সাহিত্যে অনুবাদের ধারা।

(খ) বাংলা উপন্যাসে নিম্নবর্গের জীবন।

(গ) স্বাধীনতা উত্তর নারী রচিত বাংলা গল্প।

(ঘ) সাম্প্রতিক বাংলা কবিতা (১৯৯০-২০১০)।

(ঙ) উত্তরবঙ্গের পটভূমিতে বাংলা কথাসাহিত্য।

(চ) শতবর্ষে শত্ৰু মিত্র ও বাংলা নাটক ও মঞ্চে তাঁর অবদান।

(ছ) উনিশ শতকের জাতীয়তাবোধ ও বাংলা মহাকাব্য।